

পৌরপিতা

শহরের পৌরপিতার জন্যে আপনি
দুফোঁটা চোখের জল সঞ্চিত রাখতে পারেন
তিনি তৈরি করেন আর তৈরি করেন
বাড়ি গুদাম উড়ালপুল বাজার রাস্তা
ফুটপাথ আর অসংখ্য দোকানঘর
তিনি তৈরি করেন আর তৈরি করেন!
তারপর একদিন মাঝরাতে ঘুম ছেড়ে
পে - লোডার নিয়ে ভাঙতে বসেন সব কিছুই
সূর্যের আলোকে ডেকে আনতে হবে ভেবে!

সব ভাঙা শেষ হলে তিনিই আবার তৈরি করবেন
এইভাবেই কোন একদিন ভাঙতে হবে বলে।

জ্যোতির্ময় দাশ

